দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 FEB. 1993 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

## ভর্তি কোটা বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

ইসলামী বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য পরিবর্তন, মাদ্রাসা ছাত্রদের ভর্তি কোটা বাতিলের সিদ্ধান্ত প্রত্যাহার এবং গত ২৩শে জুলাই-য়ের শিক্ষা সচিব কর্তৃক জারিকৃত সার্কুলার বাতিলের দাবীতে গতকাল (রবিবার) বাংলাদেশ ছাত্র আন্দোলন পরিষদ মগবাজার চৌরাস্তার মোড়ে এক সমাবেশের

( ১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## ভর্তি কোটা

( শেষ পৃঃ পর )

আয়োজন করে।

সমাবেশে বক্তাগণ ২৩শে জুলাই শিক্ষা সচিব কর্তৃক জারিকৃত সার্কুলার বাতিল এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ে মাদ্রাসা ছাত্রদের কোটা বাতিল না করিয়া বৃদ্ধি করার দাবী জানান। অন্যথায় পরিষদ তীব্র আন্দোলন গড়িয়া তুলিবে। সমাবেশ শেষে নেতৃবৃন্দ এক মিছিল সহকারে প্রেসিডেন্ট সচিবালয়ে গিয়া একটি স্মারকলিপি পেশ করে।

মোঃ আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা শফিকুল আলম হেলাল, আবুল কালাম আজাদ, মাকসুর রহমান, আবদুস সবুর প্রমুখ।